কালের কণ্ঠ

তারিখ 16 AUG 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

ই-কমার্স নীতিমালা প্রণয়ন সভায় ই-ক্যাব সভাপতি

# শিক্ষা খাতে ই-কমার্স অন্তর্ভুক্ত করা উচিত

**টেক প্রতিদিন ডেস্ক ▷**

ভবিষ্যতে ই-কমার্স খাতে প্রচুর দক্ষ লোকের দরকার হবে, তাই এখন থেকেই এ বিষয়ে প্রস্তুতি নিতে হবে। ই-কমার্স খাতে দক্ষ মানবসম্পদ উন্নয়নে শিক্ষা খাতে ই-কমার্সকে অন্তর্ভুক্ত করা উচিত—জানিয়েছেন ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব) সভাপতি রাজিব আহমেদ। গত শনিবার বাংলাদেশে ই-কমার্স নীতিমালা প্রণয়নের লক্ষ্যে আয়োজিত সভায় তিনি এ দাবি জানান। সভায় ই-কমার্স নীতিমালার খসড়া নিয়ে আলোচনার পাশাপাশি ই-কমার্স খাতে বিদেশি বিনিয়োগ, ইনস্যুরেন্স, ই-সিকিউরিটি অ্যান্ড কমপ্লায়েন্স, পেমেন্ট গেটওয়ে, ডেলিভারি সার্ভিস, ডোমেইন অ্যান্ড হোস্টিং, লিগ্যাল অ্যাফেয়ার এবং ক্যাপাসিটি ডেভেলপমেন্ট বিষয়েও আলোচনা হয়।

সভায় ই-ক্যাবের সাধারণ সম্পাদক মোহাম্মদ আবদুল ওয়াহেদ ই-ক্যাবের তৈরি ই-কমার্স নীতিমালার প্রথম খসড়া সংস্করণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।